**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 26.05.2026** **Desk in Charge: SDG**
**Time: 7-35 AM** **Edit. &Compile : NBR**
**DEO: KB** **NRT: Namami B. R.**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ–

১/ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ ফের জেলা সফরে যাচ্ছেন। #নদীয়ার কল্যাণীতে তিন জেলা আধিকারিকদের নিয়ে প্রশাসনিক বৈঠক করবেন তিনি।

২/ সল্টলেকের দত্তাবাদে স্বর্ণ ব্যবসায়ী স্বপন কামিল্যা খুনে অভিযুক্ত রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মণকে, পথ দুর্ঘটনায় জড়িত থাকার অভিযোগে পুলিশ আটক করেছে।

৩/ কলকাতা পুলিশে, রাজ্যে সরকারের কাছে দশ হাজারের বেশি কর্মী নিয়োগের প্রস্তাব দিয়েছে।

৪/ আজ ১১ই জ্যৈষ্ঠ। প্রেম ও বিদ্রোহের কবি কাজী নজরুল ইসলামের ১২৮-তম জন্মদিন উদযাপিত হচ্ছে যথাযোগ্য মর্যাদায়।

৫/ দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আজ’ও বজ্র বিদ্যুৎ ও দমকা হাওয়া সহ ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

*************************************************************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ ফের জেলা সফরে যাচ্ছেন। নদীয়ার কল্যাণীতে প্রশাসনিক বৈঠক করবেন তিনি। কল্যাণীর এপিজে আবদুল কালাম অডিটোরিয়ামের এই বৈঠকে হুগলী, নদীয়া ও উত্তর ২৪ পরগনা জেলা প্রশাসনিক কর্তাদের উপস্থিত থাকতে বলা হয়েছে। জোরকদমে চলছে শেষ মুহূর্তের প্রস্তুতি। তিন জেলার বিডিও, জনপ্রতিনিধি, সাংসদ ও বিধায়করাও বৈঠকে যোগ দেবেন। পাশাপাশি তিন জেলার পুলিশ সুপার-সহ একাধিক পদস্থ পুলিশ আধিকারিকও উপস্থিত থাকবেন।

জেলা প্রশাসনের বিভিন্ন উন্নয়নমূলক কাজ, সরকারি প্রকল্পের অগ্রগতি এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বৈঠকে আলোচনা হতে পারে। মুখ্যমন্ত্রীর সফর ঘিরে ইতিমধ্যেই কল্যাণীজুড়ে বাড়ানো হয়েছে নিরাপত্তা ব্যবস্থা।

*************************

দক্ষিণ ২৪ পরগণা এবং মুর্শিদাবাদ জেলাকে বাদ রেখে গ্রামীণ কর্ম সংস্থানের লক্ষ্যে গোটা রাজ্যে 'ভিবিজি রামজি' নতুন আইন কার্যকর হচ্ছে।
নবান্নে গতকাল বিভিন্ন দফতরের সচিবদের সঙ্গে বৈঠকে এই নির্দেশ দেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বিগত সরকারের আমলে ওই দুই জেলায় মনরেগা প্রকল্পে ১০০ দিনের কাজে সবচেয়ে বেশি দুর্নীতির অভিযোগ উঠেছিল। সেই অভিযোগের তদন্ত চলায় আপাতত ওই দুই জেলায় নতুন এই প্রকল্প চালু করা হচ্ছে না বলে জানা গেছে।
বৈঠকে ঘাটাল মাস্টার প্ল্যান নিয়েও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত হয়েছে। মুখ্যমন্ত্রী জানিয়েছেন, কেন্দ্র ও রাজ্য ৫০ শতাংশ করে খরচ বহন করবে। কেন্দ্রের কর্মসূচির আওতাতেই এই মাস্টার প্ল্যান বাস্তবায়িত হবে বলে নির্দেশ দিয়েছেন তিনি।
এদিকে, অন্যান্য অনগ্রসর শ্রেণির বা OBC তালিকা খতিয়ে দেখতে বিধায়কদের বিশেষ নির্দেশ দিয়েছেন শুভেন্দু।

*************************

রাজ্যে সরকার বদল হতেই কর্মী নিয়োগের প্রস্তাব দিয়েছে লালবাজার। জানা গেছে, দশ হাজারের বেশি নিয়োগের অনুমোদন চেয়ে রাজ্য সরকারের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে।

ইতমধ্যেই কলকাতা পুলিশের কনস্টেবলের প্রচুর শূন্যপদ রয়েছে। এর মধ্যে প্রথম দফায় সাত হাজার পদ পূরণ করা হতে পারে। এসআই এবং ASI-এর পদেও শূন্যপদের সংখ্যা ছাড়িয়েছে দু'হাজারের বেশি। এইসব শূন্যপদে খুব শীঘ্রই নিয়োগের বিজ্ঞপ্তি জারি করতে পারে লালবাজার।

************************

সল্টলেকের দত্তাবাদে স্বর্ণ ব্যবসায়ী স্বপন কামিল্যার খুনে অভিযুক্ত রাজগঞ্জের বিডিও প্রশান্ত বর্মণকে, পুলিশ আটক করেছে। গতরাতে নিউ টাউনের ইকোপার্ক থানা এলাকায় গাড়ী নিয়ে যাওয়ার সময় এক পথচারীকে ধাক্কা মারেন তিনি। ঘটনায় ওই পথচারী ছাড়াও, এক স্কুটি চালক'ও সামান্য আহত হন। এরপর ঐ স্কুটি চালক প্রশান্তর গাড়ি আটকে ভিডিও করতে থাকেন। জানা গেছে, মত্ত অবস্থায় গাড়ি চালাচ্ছিলেন প্রশান্ত। সমাজ মাধ্যমে ওই ভিডিও-য় হুমকি দিতেও দেখা যায় তাকে। এরপরই পুলিশ রাজগঞ্জের বিডিও-কে আটক করেছে।

উল্লেখ্য, গত বছর ২৯শে অক্টোবর যাত্রাগাছির খালধার থেকে স্বর্ণব্যবসায়ী স্বপন কামিল্যার দেহ উদ্ধার হয়। তাঁকে অপহরণ করে খুন করা হয়েছে বলে অভিযোগ ওঠে। খুনের ঘটনায় বারাসত ও বিধাননগর মহকুমা আদালত থেকে আগাম জামিন পেয়েছিলেন প্রশান্ত বর্মণ। সেই আগাম জামিনের বিরোধিতা করে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয় বিধাননগর পুলিশ। আগাম জামিনের নির্দেশ খারিজ করে ২২শে ডিসেম্বরের মধ্যে তাঁকে আত্মসমর্পণ করার জন্য নির্দেশ দেয় কলকাতা হাইকোর্ট। তবে তিনি তা না করায় তাঁর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করে বিধাননগর আদালত। ওই অবস্থাতেই সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন প্রশান্ত। ২৩শে জানুয়ারির মধ্যে তাঁকে আত্মসমর্পণ করার নির্দেশ দিয়েছিল বিচারপতি রাজেশ বিন্দল এবং বিচারপতি বিজয় বিষ্ণোই-এর বেঞ্চ। এরপর থেকে পুলিশের খাতায় 'পলাতক' ছিলেন তিনি। তবে, স্থানীয়দের দাবী, মাঝে বেশ কয়েকবার নিউটাউনের বাড়িতে প্রশান্তকে দেখা গেছে।

************************

সোনা পাপ্পু ও শান্তনু সিনহা বিশ্বাস-এর পাশাপাশি, আর্থিক দুর্নীতি মামলায় এবার ইডির নজরে আরও ৩০ পুলিশ আধিকারিক। তাদের কাছে থাকা বিপুল পরিমাণ টাকার উৎস

খতিয়ে দেখার চেষ্টা করছে ইডি। দেখা হচ্ছে শান্তনুর সম্পত্তির পরিমাণও। ইডি সূত্রের খবর, জমি দখলের চক্রে জড়িত কলকাতা পুলিশের বিভিন্ন পদমর্যাদার এই আধিকারিকদের ইতমধ্যেই শনাক্ত করা হয়েছে।

এদিকে, শান্তনু সিনহা বিশ্বাস-এর দুটি মোবাইল ফোনের সন্ধান মেলেনি বলে ইডি, আদালতে জানিয়েছে। ওই ফোনগুলিতে দুর্নীতির একাধিক তথ্য থাকতে পারে বলে তদন্তকারী সংস্থার অনুমান।

*************************

আজ ১১ই জ্যৈষ্ঠ। প্রেম ও বিদ্রোহের কবি কাজী নজরুল ইসলামের ১২৮-তম জন্মদিন (১২৭ তম জন্মবার্ষিকী) উদযাপিত হচ্ছে যথাযোগ্য মর্যাদায়। দুখু মিঞা বা তারাক্ষ্যাপার জন্ম ভিটে বর্ধমানের চুরুলিয়ার নজরুল একাডেমিতে এই উপলক্ষে দিনভর নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

উল্লেখ্য, নজরুল ইসলামের সঙ্গে কলকাতা বেতার কেন্দ্রের সম্পর্ক ছিল অতি নিবিড়। ১৯৩৮ এ তিনি হারামণি, নবরাগ মালিকা, গীতিবিচিত্রা অনুষ্ঠান পরিচালনা করেন। ১৯৪২ এর ৯ই জুলাই এই বেতার কেন্দ্রে এক অনুষ্ঠানে কবিতা পাঠ করার সময় তিনি হঠাৎ বাকরুদ্ধ হয়ে পড়েন।

তাঁর জন্মদিন স্মরণে আকাশবাণী সংবাদ কলকাতার একটি শ্রদ্ধার্ঘ্য।

(ক্যাপসুল- অভিজিৎ দা)

*************************

কবি কাজী নজরুল ইসলামের জন্মদিন উদযাপন উপলক্ষে আজকের প্রসঙ্গের বিষয় “চির সংগ্রামী নজরুল"। বিশিষ্ট নজরুল গবেষক ডঃ বাঁধন সেনগুপ্তর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী। সংবাদ বিভাগ অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা ও আকাশবানী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*************************

চিংড়িঘাটা মেট্রো প্রকল্পের আটকে থাকা কাজ নির্ধারিত সময়ের আগেই শেষ হওয়ায়, সন্তোষ ব্যক্ত করেছেন রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো। গতকাল এক্স হ্যান্ডেলের এক বার্তায় তিনি বলেন, সামান্য এই কাজ, তৃণমূল কংগ্রেসের অসহযোগিতার কারণে দীর্ঘদিন ধরে আটকে ছিল। হাইকোর্ট এবং সুপ্রিম কোর্ট নির্দেশ দিলেও, তা' করতে দেওয়া হয়নি। রাজ্যে সরকার বদলের পরই এই কাজ শেষ করে, সময়ের তিন ঘন্টা আগেই যান চলাচল সাধারণ মানুষের জন্য খুলে দেওয়া হয়েছে।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের আগে গতকাল ভোরে চিংড়িঘাটায় গার্ডার স্থাপনের কাজ সফলভাবে সম্পন্ন হয়েছে বলে মেট্রো রেলের তরফে জানানো হয়েছে। রাজ্য সরকারের সক্রিয় সহযোগিতায় ১২০ ঘণ্টারও কম সময়ে দু'দফায় মেট্রো লাইনের কাজ শেষ হয়েছে।

*************************

হেস্টিংস থানা এলাকায় বাতিস্তম্ভ পড়ে মৃত শিশু গুড়িয়া খানের পরিবারের হাতে আর্থিক সহায়তা তুলে দিয়েছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নির্দেশে গতরাতেই শিশুটির বাবা এসকে ফিরোজের হাতে চার লক্ষ টাকার চেক তুলে দেন মানিকতলার বিজেপি বিধায়ক তাপস রায়। উপস্থিত ছিলেন, বেহালার বিধায়ক ইন্দ্রনীল খাঁ এবং লালবাজারের শীর্ষ কর্তারা।

উল্লেখ্য, গতকাল সকালে বাতিস্তম্ভের নীচে বসে খেলার সময় এলাকার বাসিন্দা ৬ বছরের গুড়িয়ার মাথায় ১০ কেজি ওজনের আলোস্তম্ভ ভেঙে পড়ে। গুরুতর আহত অবস্থায় ওই শিশু কন্যাকে SSKM হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকেরা মৃত ঘোষণা করেন।

রাজ্য মুখপাত্র **দেবজিৎ** সরকার জানিয়েছেন, পূর্বতন সরকারের গাফিলতির কারণেই, শহরের নাগরিক পরিকাঠামো ভেঙে পড়েছে। এতে বিপদে পড়ছেন সাধারণ মানুষ।

( বাইট- দেবজিৎ )

*************************

জীববৈচিত্র্য গবেষণায় বড়ো সাফল্য অর্জন করেছেন ভারতের বিজ্ঞানীরা। আরশোলার জন্য প্রথম তৈরি হলো বৃহত্তম DNA বারকোড রেফারেন্স লাইব্রেরি। গুরুত্বপূর্ণ এই গবেষণায় স্বল্প পরিচিত অথবা নথিভুক্ত না হওয়া গোষ্ঠী এবং এমন অনেক দেশীয় প্রজাতির সন্ধান মিলেছে, যেগুলি পৃথিবীর আর কোথাও পাওয়া যায় না। বিজ্ঞানীরা বলছেন, পৃথিবীর সবচেয়ে প্রাচীন ও বৈচিত্র্যময় কীটপতঙ্গ গোষ্ঠীগুলির মধ্যে অন্যতম এই আরশোলা ...জৈব পদার্থ পচিয়ে, প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য বজায় রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং পরিবেশে স্বাস্থ্যের গুরুত্বপূর্ণ সূচক হিসাবেও কাজ করে। জুলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া-র অধিকর্তা ড. ধৃতি ব্যানার্জি গতকাল কলকাতায় জানান, DNA বারকোডিং বর্তমানে বিশ্বজুড়ে স্বীকৃত এক শক্তিশালী পদ্ধতি যা আরশোলার মতো কম পরিচিত গোষ্ঠীগুলিকে নথিভুক্ত করতে অত্যন্ত সহায়ক হয়ে উঠেছে।

*************************

দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় আজ'ও বজ্র বিদ্যুৎ ও দমকা হাওয়া সহ ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে। তবে, বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায়, দক্ষিণবঙ্গে অস্বস্তিকর আবহাওয়া অনুভূত হচ্ছে। বীরভূম, মুর্শিদাবাদ, নদিয়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম এবং পশ্চিম মেদিনীপুর জেলায় আজ বৃষ্টি হতে পারে।
আগামীকাল থেকে বৃষ্টির পরিমাণ বাড়বে। কলকাতা ও সংলগ্ন এলাকাতেও বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

এদিকে, উত্তরবঙ্গে দার্জিলিং জলপাইগুড়ি কালিম্পং কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায় আজও ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।
আগামীকাল থেকে অবশ্য সেখানে বৃষ্টির পরিমাণ কমবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

*************************

বাম ছাত্র সংগঠন SFI, আসন্ন ফুটবল বিশ্বকাপ দূরদর্শন ও ডিডি স্পোর্টসে বিনামূল্যে সম্প্রচার করার দাবি জানিয়েছে।

সংগঠনের তরফে তথ্য সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবকে এ সংক্রান্ত চিঠি দেওয়া হয়েছে বলে SFI-এর সাধারণ সম্পাদক সৃজন ভট্টাচার্য জানিয়েছেন। গতকাল কলকাতায় এক সাংবাদিক বৈঠকে সৃজন বাবু বলেন, ফুটবলের প্রতি মানুষের আবেগ অপরিসীম। মানুষের সামাজিক বোধও তৈরি হয় ফুটবলকে কেন্দ্র করে। সে কারণেই এই উদ্যোগ।

*************************************************************************

*****************************************************************